The Daily Star, 26 May 2022

**'Identify shortcomings, strengthen capacity'**

Speakers urge govt at seminar on human trafficking

Staff Correspondent

Bangladesh needs to find out the shortcomings in its policies and strengthen its capacity to prevent human trafficking and migrant smuggling, said speakers at a seminar yesterday.

Besides, multilateral cooperation among countries facing challenges in this regard needs to be strengthened to properly address the issue, they added.

Bangladesh Institute of International and Strategic Studies (BIISS) organised the hybrid seminar on "Promoting Multilateral Cooperation to Prevent Human Trafficking and Migrant Smuggling" on its premises in the capital.

The event was parallelly hosted on virtual platforms Zoom and Facebook.

Chairing the event's inaugural session, BIISS Chairperson Ambassador Kazi Imtiaz Hossain said Bangladesh needs to identify the current shortcomings in the policies and strategies countering human trafficking and migrant smuggling to effectively deal with the menacing crimes.

**When you have a cross-border problem and challenge like trafficking, you need a cross-border solution. The EU is willing to work together among its member states as well as in the wider world in this regard.**

**Charles Whiteley, EU Head of Delegation in Bangladesh**

He said the issue of trafficking in persons (TIP) has to be looked at holistically and evaluate the efficacy of current policy frameworks and strategies in this regard.

Addressing the working session, Obaidul Haque, associate professor of international relations at Dhaka University, said Bangladesh needs to focus on developing its capacity to prevent such crimes.

Lack of dependable data is a challenge in this regard, he said.

Asif Munier, a migration and displacement specialist, stressed that international actors need to come forward to prevent human trafficking and migrant smuggling since those are transnational crimes.

In her presentation, Benuka Ferdousi of BIISS said the number of Bangladeshis being trafficked and smuggled ranged from 3,000 to 30,000 annually.

**Bangladesh needs to identify the current shortcomings in the policies and strategies countering human trafficking and migrant smuggling to effectively deal with the menacing crimes.**

**Kazi Imtiaz Hossain, BIISS Chairperson**

Addressing the seminar's inaugural ceremony as chief guest, Charles Whiteley, ambassador and head of Delegation of the European Union to Bangladesh, said preventing human trafficking is an issue of great interest to the EU.

"When you have a cross-border problem and challenge like trafficking, you need a cross-border solution," he said.

The EU is willing to work together among its member states as well as in the wider world in this regard, he added.

Preventing trafficking is the key. However, it's not as easy as it sounds because there are many difficult political issues, he said.

Moderating the working session, migration expert Prof Tasneem Siddiqui said there is a "thin line" between human trafficking and migrant smuggling as well as labour trafficking.

BIISS Director General Maj Gen Mohammad Maksudur Rahman, among others, spoke at the event.

The Business Standard, 26 May 2022

# EU to help Bangladesh combat human trafficking: Envoy

BIISS holds seminar on human trafficking, migrant smuggling

Titled "Promoting Multilateral Cooperation to Prevent Human Trafficking and Migrant Smuggling" – the seminar was held at the BIISS Auditorium on Wednesday.

Addressing the event, Maj Gen Mohammad Maksudur Rahman said that Bangladesh is aware of the increasing challenges of human trafficking.

"Realizing the urgency the country passed the Human Trafficking Act in 2012 and has also become a party to the United Nations Convention on the Rights of Migrant Workers and Their Families.

"It has also adopted the Overseas Employment and Migrants Act in 2013."

"Moreover, under the leadership of Prime Minister Sheikh Hasina the country is implementing a National Action of Plan (NAP) for Prevention and Suppression of Human Trafficking for the year 2018-2022," he added.

Meanwhile, European Union (EU) Ambassador to Bangladesh Charles Whiteley, speaking as the chief guest, noted that the refugee issue has become one of the hot and red button topics in Europe.

"Sexual exploitation also continued to be the most commonly detected form of trafficking."

Nowadays migrants smuggling has become a profitable business, he added.

He later praised the Bangladeshi government for its efforts in reducing human trafficking and noted that the EU will provide all necessary support in this regard.

Concluding the event BIISS Chairman Kazi Imtiaz Hossian said that South Asia comprises countries that are source, transit and destination for human trafficking.

"Growing economies combined with corruption, weak criminal justice systems, and unequal law enforcement capacities offer opportunities for organized crime to thrive.

Senior officials from different ministries, ambassadors, diplomats, and military officials, among others participated in the event.

https://www.tbsnews.net/bangladesh/eu-help-bangladesh-combat-human-trafficking-envoy-426550

The Daily Sun, 26 May 2022

# ‘Changing geopolitics a bar to prevention of human trafficking’

Staff Correspondent

Speakers at a seminar on Wednesday said the changing geopolitical context of the world has put the prevention of human trafficking at greater risk.

They made the remarks at a seminar on ‘Promoting Multilateral Cooperation to Prevent Human Trafficking and Migrant Smuggling’ organised by Bangladesh Institute of International and Strategic Studies (BIISS).

They said climate change has always been one of the major causes of human trafficking and irregular migration while the coronavirus pandemic has been added with it in recent years. The current Russia-Ukraine war has further complicated the issue.

European Union (EU) Ambassador to Bangladesh Charles Whiteley was the chief guest at the seminar.

Speakers at the seminar said that the prevention of human trafficking or irregular migration is not a matter for any single country. Countries need to cooperate in this regard.

However, the continuous change in the geopolitical situation has put the prevention of human trafficking at risk, they said.

In addition to the Rohingya crisis in Myanmar, the military coup in that country has made the situation volatile. Besides, the Taliban’s takeover in Afghanistan and the deteriorated situation in Sri Lanka have added to the Russia-Ukraine war. And all these are hampering the way for countries to cooperate in preventing human trafficking.

BIISS Chairman Kazi Imtiaz Hossain presided over the first part of the seminar and Director General Major General Mohammad Maksudur Rahman delivered the welcome address.

In the second part of the seminar, BIISS researcher Benuka Ferdousi, Professor of International Relations at Dhaka University Obaidul Haque, Programme Manager of IOM’s Immigration and Protection Unit Eugene Park and migration expert Asif Munier presented four papers.


Head of the Human Trafficking and Immigration Unit of the United Nations Office on Drugs and Crime (UNODC) in Dhaka Medehi Hasan and head of BRAC migration programme Shariful Hasan, among others, addressed the programme.

The second part of the seminar was conducted by Professor Tasnim Siddiqui of Dhaka University.

https://www.daily-sun.com/printversion/details/622619/%E2%80%98Changing-geopolitics-a-bar-to-

UNB, 26 May 2022

# Speakers for Joint Efforts to Prevent Human Trafficking, Migrant Sumggling



UNB VIDEO PHOTO ARCHIVES PODCAST বাংলা সংস্করণ

Shares

UNB NEWS DHAKA PUBLISH- MAY 25, 2022, 05:15 PM
UNB NEWS - UNB NEWS UPDATE- MAY 25, 2022, 05:50 PM



Death row convict held in N'ganj
May 26, 2022

Pakistani ex-PM Khan demands new elections be set in 6 days
May 26, 2022

Two Rab members among 3 thrashed by locals in Ctg
May 26, 2022

'Horrifying' conspiracy theories swirl around Texas shooting
May 26, 2022

Truck ploughs into Chandpur highway eatery, 1 killed
May 26, 2022

Boeing capsule lands back on Earth after space shakedown

https://unb.com.bd/category/Bangladesh/speakers-for-joint-efforts-to-prevent-human-trafficking-migrant-smuggling/93567

যুগান্তর, ২৬ মে ২০২২

বিআইআইএসএস'র সেমিনারে বক্তারা

**মানব পাচার প্রতিরোধকে জটিল করেছে রাশিয়া ইউক্রেন যুদ্ধ**

যুগান্তর প্রতিবেদন

মানব পাচার প্রতিরোধ একক কোনো দেশের বিষয় নয়। এটি প্রতিরোধে দেশগুলোকে একে অপরকে সহযোগিতা করতে হবে। তবে যেভাবে ভূরাজনৈতিক পরিস্থিতির পরিবর্তন হয়েছে ও হচ্ছে, তা এর প্রতিরোধকে ঝুঁকিতে ফেলেছে। রাশিয়া-ইউক্রেন যুদ্ধ মানব পাচার বা অনিয়মিত অভিবাসন প্রতিরোধকে আরও জটিল করে তুলেছে। মানব পাচার নিয়ে আয়োজিত এক সেমিনারে বুধবার বক্তারা এসব কথা বলেন। রাজধানীর বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ (বিআইআইএসএস) মানব পাচার প্রতিরোধ নিয়ে 'প্রোমটিং মাল্টিলেটারাল কো-অপারেশন টু প্রিভেন্ট হিউম্যান ট্রাফিকিং অ্যান্ড মাইগ্রেন্ট স্মাগ্লিং' শীর্ষক সেমিনারের আয়োজন করে।

বক্তারা বলেন, মিয়ানমারের রোহিঙ্গা সংকটের পাশাপাশি সেনাবাহিনীর ক্ষমতা গ্রহণ, আফগানিস্তানের পরিবর্তন, শ্রীলংকার পরিবর্তিত পরিস্থিতি মানব পাচার প্রতিরোধে দেশগুলোর সহযোগিতার পথকে বাধাগ্রস্ত করছে। জলবায়ু পরিবর্তন মানব পাচার ও অনিয়মিত অভিবাসনের কারণ ছিল। এর সঙ্গে যুক্ত হয়েছে করোনা মহামারি। সমন্বিত উদ্যোগের মাধ্যমেই এই পরিস্থিতি থেকে উত্তরণ সম্ভব।

সেমিনারে প্রধান অতিথি ছিলেন ঢাকায় ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) রাষ্ট্রদূত চার্লস হোয়াইটলি। সেমিনারের প্রথম অংশে সভাপতিত্ব করেন বিআইআইএসএসের চেয়ারম্যান কাজী ইমতিয়াজ হোসেন ও স্বাগত বক্তব্য রাখেন মহাপরিচালক মেজর জেনারেল মোহাম্মদ মাকসুদুর রহমান। সেমিনারের দ্বিতীয় ভাগে মানব পাচার প্রতিরোধ, বাংলাদেশ ও বৈশ্বিক প্রেক্ষাপট নিয়ে চারটি প্রবন্ধ উপস্থাপন করা হয়। প্রবন্ধগুলো উপস্থাপন করেন বিআইআইএসএসের গবেষক বেনুকা ফেরদৌসি, ঢাকা বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের অধ্যাপক মো. ওবায়দুল হক, জাতিসংঘ অভিবাসী সংস্থার (আইওএম) অভিবাসন ও সুরক্ষা ইউনিটের প্রোগ্রাম ম্যানেজার ইউজিন পার্ক এবং অভিবাসন বিশেষজ্ঞ আসিফ মুনীর। সেমিনারের দ্বিতীয় অংশ সঞ্চালনা করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ে অধ্যাপক তাসনিম সিদ্দিকী।

বক্তারা বলেন, বাংলাদেশে মানব পাচার নিয়ে আইন থাকলেও শ্রমিক পাচার নিয়ে কোনো আইন নেই। বহুপক্ষীয় সহযোগিতার কথা বলা হলেও সেই ব্যবস্থা আমাদের আইনে নেই। মানব পাচার ও শ্রমিক পাচার দুটিই অপরাধ হলেও, শ্রমিক পাচার নিয়ে বাংলাদেশে কোনো আইন নেই। এতে অন্য দেশের সঙ্গে শ্রমিক পাচার নিয়ে আমরা সহযোগিতা করতে পারি না। এ বিষয়ে আইন করা খুবই জরুরি।

মেজর জেনারেল মোহাম্মদ মাকসুদুর রহমান বলেন, ক্রমবর্ধমান মানব পাচার বিষয়ে বাংলাদেশ সতর্ক রয়েছে। ২০১২ সালে মানব পাচার প্রতিরোধ ও দমন আইন ২০১২ পাস করা হয়েছে। বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন ২০১৩ গৃহীত হয়েছে।

রাষ্ট্রদূত চার্লস হোয়াইটলি বলেন, রিফিউজি ইস্যু এখন ইউরোপে অত্যন্ত আলোচিত বিষয়। যৌন নির্যাতন মানব পাচারের অন্যতম কারণ হিসাবে উদঘাটিত হয়েছে। বর্তমানে অভিবাসী পাচার একটি লাভজনক ব্যবসায় পরিণত হয়েছে। মানব পাচার রোধে বাংলাদেশ সরকারের ভূমিকার প্রশংসা করেন তিনি। ইউরোপিয়ান ইউনিয়ন বাংলাদেশ সরকারকে নানাভাবে সহযোগিতা করছে বলেও জানান তিনি। রাষ্ট্রদূত কাজী ইমতিয়াজ হোসেন

বলেন, দক্ষিণ এশিয়ার দেশগুলো মানব পাচারের উৎস, গমন ও গন্তব্যস্থল হিসাবে কাজ করে। এই দেশগুলোতে আর্থ-সামাজিক বৈষম্য, অভ্যন্তরীণ অভিবাসন প্রবাহ, অর্থনৈতিক ঊর্ধ্বগতির সঙ্গে দুর্নীতির প্রসার, দুর্বল বিচার ব্যবস্থা, আইন প্রয়োগের অসমতা এসব অপরাধ বৃদ্ধিতে নিয়ামক হিসাবে কাজ করে।

প্রবন্ধ উপস্থাপনায় পাচারকারীরা যে সুযোগগুলো নেয়, তার ব্যাখ্যায় বেনুকা ফেরদৌসি বলেন, বাংলাদেশের পাচার হওয়ার ৫১ শতাংশ অর্থনৈতিক চাহিদার কারণে, ২৯ শতাংশ শিশু অকার্যকর পারিবারিক ব্যবস্থার কারণে, অন্যের মাধ্যমে প্রভাবিত হয়ে ১৩ শতাংশ এবং অনিয়মিত অভিবাসী হচ্ছেন ১০ শতাংশ।

ব্র্যাকের অভিবাসন কর্মসূচি প্রধান শরিফুল হাসান বলেন, ভূমধ্যসাগরে অবৈধভাবে পাড়ি দেওয়ার ক্ষেত্রে বর্তমানে বাংলাদেশ তৃতীয় অবস্থানে রয়েছে। বাংলাদেশের সঙ্গে এ কাতারে আফগানিস্তান ও সিরিয়ার মতো দেশ রয়েছে। সেই দেশগুলোতে যুদ্ধ হয়েছে। বাংলাদেশে কী হয়েছে?

https://www.jugantor.com/todays-paper/second-edition/555108/ মানব-পাচার-প্রতিরোধকে-জটিল-করেছে-রাশিয়া-ইউক্রেন-যুদ্ধ

প্রথম আলো, ২৬ মে ২০২২

# রাশিয়া-ইউক্রেন যুদ্ধে মানব পাচারের ঝুঁকি বেড়েছে

বিআইআইএসএসের সেমিনারে বক্তারা বলেন আফগানিস্তান, সিরিয়ার মতো যুদ্ধবিধ্বস্ত দেশের সঙ্গে বাংলাদেশের নাম মানা যায় না।

- পাচারের শিকার ভুক্তভোগীদের ৪৬% নারী।
- ৫০% যৌন নির্যাতনের শিকার।
- ভূমধ্যসাগর দিয়ে অবৈধভাবে ইউরোপে পাড়ি দেওয়ার ক্ষেত্রে বাংলাদেশিদের অবস্থান এখন তৃতীয়।

করোনাভাইরাস, রাশিয়া-ইউক্রেন যুদ্ধসহ বিশ্বজুড়ে পরিবর্তিত পরিস্থিতিতে মানব পাচারের ঝুঁকি বাড়ছে। এর সঙ্গে দক্ষিণ এশিয়া অঞ্চলের বিভিন্ন দেশে চলমান অস্থিরতার কারণে বাংলাদেশ থেকে পাচার বাড়ার শঙ্কা তৈরি হয়েছে। পিছিয়ে পড়া জনগোষ্ঠীর বিভিন্ন দুর্বলতার সুযোগ নিচ্ছে পাচারকারীরা। বাংলাদেশ থেকে পাচার হওয়া ৫১ শতাংশ মানুষ পাচারের ফাঁদে পা দিচ্ছেন জীবিকার প্রয়োজনে।

জাতিসংঘের মাদক ও অপরাধবিষয়ক সংস্থা (ইউএনওডিসি) প্রকাশিত ২০২০ সালের প্রতিবেদন বিশ্লেষণ করে এসব তথ্য জানিয়েছে বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ (বিআইআইএসএস)। গতকাল বুধবার রাজধানীতে সংস্থাটির কার্যালয়ে আয়োজিত এক সেমিনারে উপস্থাপন করা নিবন্ধে বিভিন্ন তথ্য তুলে ধরা হয়। মানব পাচার ও অভিবাসনের নামে পাচার প্রতিরোধে সমন্বিত সহযোগিতায় গুরুত্বারোপ শিরোনামে এ সেমিনার অনুষ্ঠিত হয়।

বিদেশে কাজের খোঁজে যেতে কঠোর নিয়ম, অর্থনৈতিক চাপ, শ্রমবাজারে নানা অসংগতি ও যৌন পর্যটন বাড়তে থাকায় অভিবাসনের নামে মানব পাচার বাড়ছে বলে নিবন্ধে জানিয়েছে বিআইআইএসএস। আর মানব পাচারের ভুক্তভোগীদের ক্ষেত্রে বলা হয়, পাচারকারীদের নজরের শীর্ষে থাকেন জীবিকার তাগিদ থাকা মানুষ। এরপর তাদের শিকার হয় ভঙ্গুর পরিবার, যাঁদের অভিভাবক নেই তাঁরা। ২৯ শতাংশ ভুক্তভোগী এমন পরিবারের। আর পাচারকারীর সঙ্গে ঘনিষ্ঠ সম্পর্ক ও নানা কারণে পাচারের শিকার হন বাকিরা।

‘মানব পাচার এবং অভিবাসনের নামে পাচার; বৈশ্বিক ও বাংলাদেশ পরিপ্রেক্ষিত’ শিরোনামে উপস্থাপিত এই নিবন্ধে বলা হয়, ভুক্তভোগীদের ৫০ শতাংশ যৌন নির্যাতনের শিকার হন। আর ৩৮ শতাংশ জোরপূর্বক শ্রমের শিকার হন। ৬ শতাংশ বিভিন্ন অপরাধমূলক কাজে এবং দেড় শতাংশ ভিক্ষাবৃত্তিতে জড়িয়ে পড়েন। এতে আরও বলা হয়, অভিবাসনের নামে পাচার হওয়া অধিকাংশই পুরুষ। তবে মানব পাচরের শিকার ভুক্তভোগীদের ৪৬ শতাংশ নারী। আর ১৯ শতাংশ মেয়েশিশু ও ১৫ শতাংশ ছেলেশিশু।

ঢাকায় ইউরোপীয় ইউনিয়নের রাষ্ট্রদূত চার্লস হোয়াইটলি সেমিনারে বলেন, মানব পাচার প্রতিরোধে বেশ কিছু উদ্যাগ নিয়েছে বাংলাদেশ সরকার। দোষী ব্যক্তিদের বিচারের আওতায় আনা এবং অন্য দেশগুলোর সঙ্গে সহযোগিতার মাধ্যমে তারা কাজ করছে। বাংলাদেশের উন্নতির বিষয়টি মার্কিন পররাষ্ট্র দপ্তরের ২০২১ সালে প্রকাশিত মানব পাচারবিষয়ক প্রতিবেদনেও উঠে এসেছে।

সেমিনারে বক্তারা বলেন, জলবায়ু পরির্তনের কারণে বিশ্বজুড়ে মানব পাচারের ঝুঁকি বাড়তে থাকে। এর সঙ্গে করোনা মাহামারি যুক্ত হয়ে মানুষের অসহায়ত্ব বাড়িয়ে দিয়েছে। সর্বশেষ রাশিয়া-ইউক্রেন যুদ্ধ পরিস্থিতি ঝুঁকি আরও বাড়িয়ে দিয়েছে। বাংলাদেশের ক্ষেত্রে আঞ্চলিক আরও কিছু সংকট যুক্ত হয়েছে। প্রতিবেশী মিয়ানমারে রোহিঙ্গা সংকট আগে থেকেই চলছিল, নতুন করে সেখানে সেনাবাহিনীর ক্ষমতা গ্রহণের মধ্য দিয়ে তৈরি হয়েছে নতুন অনিশ্চয়তা। আফগানিস্তানে সরকার পরিবর্তনের মধ্য দিয়ে অস্থিরতা তৈরি হয়েছে। শ্রীলঙ্কায় অর্থনৈতিক

সংকট থেকে রাজনৈতিক অস্থিরতা শুরু হয়েছে। আঞ্চলিক ও আন্তর্জাতিকভাবে সব দেশের সহযোগিতার সম্পর্ক ছাড়া মানব পাচার প্রতিরোধ করা সম্ভব নয়।

সেমিনারে সভাপতিত্ব করেন বিআইআইএসএসের চেয়ারম্যান কাজী ইমতিয়াজ হোসেন। স্বাগত বক্তব্য দেন সংস্থাটির মহাপরিচালক মোহাম্মদ মাকসুদুর রহমান। আর সংস্থাটির গবেষক বেনুকা ফেরদৌসী নিবন্ধ উপস্থাপন করেন। এ ছাড়া বিভিন্ন দিক নিয়ে আরও তিনটি নিবন্ধ উপস্থাপন করা হয় সেমিনারে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের অধ্যাপক মো. ওবায়দুল হক, জাতিসংঘের আন্তর্জাতিক অভিবাসন সংস্থার (আইওএম) অভিবাসন ও সুরক্ষা বিভাগের কর্মসূচি ব্যবস্থাপক ইউজিন পার্ক ও অভিবাসন বিশেষজ্ঞ আসিফ মুনীর এসব নিবন্ধ আলাদাভাবে উপস্থাপন করেন। সেমিনারে নিবন্ধ উপস্থাপন ও অংশীজনদের মুক্ত আলোচনার পর্বটি সঞ্চালনা করেন অভিবাসন খাতের বেসরকারি গবেষণা সংস্থা রামরুর প্রতিষ্ঠাতা চেয়ার তাসনিম সিদ্দিকী।

এসব নিবন্ধে বলা হয়, অষ্টম পঞ্চবার্ষিক পররিকল্পনায় পাচার প্রতিরোধের বিষয়টিতে গুরুত্ব দিয়েছে সরকার। পাচারসংশ্লিষ্ট দুই দেশের মধ্যে সমান গুরুত্ব দিয়ে সহযোগিতা তৈরি করতে হবে। ২০১২ থেকে ২০১৬ পর্যন্ত ৭১ হাজার ভুক্তভোগীর ওপর চালানো জরিপের ভিত্তিতে আইওএম বলেছে, পাচারের শিকার হওয়া মানুষের মধ্যে ৭১ শতাংশ নারী ও মেয়েশিশু। সমন্বিতভাবে পাচার প্রতিরোধে আন্তর্জাতিক বিভিন্ন প্রটোকলে দেশগুলোর স্বাক্ষর করা এবং প্রতিশ্রুতির বাধ্যবাধকতার বিষয়গুলো তুলে ধরা হয় এসব নিবন্ধে।

মুক্ত আলোচনায় বক্তারা বলেন, ভূমধ্যসাগর দিয়ে অবৈধভাবে ইউরোপে পাড়ি দেওয়ার ক্ষেত্রে বাংলাদেশিদের অবস্থান এখন তৃতীয়। আফগানিস্তান, সিরিয়ার মতো যুদ্ধবিধ্বস্ত দেশের সঙ্গে বাংলাদেশের নাম মানা যায় না। এর কারণ খুঁজে বের করা দরকার। অভিবাসনের নামে দেশ থেকে কর্মীরা পাচার হয়ে যাচ্ছেন। শ্রমিক পাচার মানব পাচারের মতোই অপরাধ। কিন্তু মানব পাচার নিয়ে আইন থাকলেও শ্রমিক পাচার নিয়ে বাংলাদেশে কোনো আইন নেই।

https://www.prothomalo.com/bangladesh/রাশিয়া-ইউক্রেন-যুদ্ধে-মানব-পাচারের-ঝুঁকি-বেড়েছে

আজকের পত্রিকা, ২৫ মে ২০২২

# ভূরাজনৈতিক প্রেক্ষাপট মানব পাচার প্রতিরোধকে ঝুঁকিতে ফেলেছে

কূটনৈতিক প্রতিবেদক, ঢাকা




বর্তমান বিশ্বের পরিবর্তিত ভূরাজনৈতিক প্রেক্ষাপট মানব পাচার প্রতিরোধকে ঝুঁকিতে ফেলেছে। জলবায়ু পরিবর্তন মানব পাচার ও অনিয়মিত অভিবাসনের কারণ ছিল। এর সঙ্গে যুক্ত হয়েছে করোনা মহামারি। আর বর্তমান রাশিয়া-ইউক্রেন যুদ্ধ বিষয়টিকে আরও জটিল করে তুলেছে। মানব পাচার নিয়ে এক সেমিনারে এমন মন্তব্য করেছেন বক্তারা।

আজ বুধবার সকালে রাজধানীর বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ (বিআইআইএসএস) মানব পাচার প্রতিরোধ নিয়ে 'প্রোমটিং মাল্টিলেটারাল কো-অপারেশন টু প্রিভেন্ট হিউম্যান ট্রাফিকিং অ্যান্ড মাইগ্রেন্ট স্যাগ্লিং' শীর্ষক সেমিনারের আয়োজন করে। সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকায় ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) রাষ্ট্রদূত চার্লস হোয়াইটলি।

সেমিনারে বক্তারা বলেন, মানব পাচার বা অনিয়মিত অভিবাসন প্রতিরোধ কোনো একক দেশের বিষয় নয়। প্রতিরোধ করতে দেশগুলোকে একে অপরকে সহযোগিতা করতে হবে। তবে যেভাবে ভূরাজনৈতিক পরিস্থিতির পরিবর্তন হয়েছে এবং হচ্ছে, তা মানব পাচার প্রতিরোধকে ঝুঁকিতে ফেলেছে। মিয়ানমারের রোহিঙ্গা সংকটের পাশাপাশি সেনাবাহিনীর ক্ষমতা গ্রহণ, আফগানিস্তানের পরিবর্তন, শ্রীলঙ্কার পরিবর্তিত পরিস্থিতির পাশাপাশি যুক্ত হয়েছে রাশিয়া-ইউক্রেন যুদ্ধ, যা মানব পাচার প্রতিরোধে দেশগুলোর সহযোগিতার পথকে বাধাগ্রস্ত করছে।

সেমিনারের প্রথম অংশে সভাপতিত্ব করেন বিআইআইএসএসের চেয়ারম্যান কাজী ইমতিয়াজ হোসেন এবং স্বাগত বক্তব্য রাখেন মহাপরিচালক মেজর জেনারেল মোহাম্মদ মুকসুদুর রহমান। সেমিনারের দ্বিতীয় ভাগে মানব পাচার প্রতিরোধ, বাংলাদেশ ও বৈশ্বিক প্রেক্ষাপট নিয়ে চারটি প্রবন্ধ উপস্থাপন করা হয়। প্রবন্ধগুলো উপস্থাপন করেন বিআইআইএসএসের গবেষক বেনুকা ফেরদৌসি, ঢাকা বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের

অধ্যাপক মো. ওবায়দুল হক, জাতিসংঘ অভিবাসী সংস্থার (আইওএম) অভিবাসন ও সুরক্ষা ইউনিটের প্রোগ্রাম ম্যানেজার ইউজিন পার্ক এবং অভিবাসন বিশেষজ্ঞ আসিফ মুনীর। সেমিনারের দ্বিতীয় অংশ সঞ্চালনা করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ে অধ্যাপক তাসনিম সিদ্দিকী।

মুক্ত আলোচনায় ঢাকার জাতিসংঘের মাদক ও অপরাধ বিষয় সংস্থা ইউএনওডিসির মানবপাচার ও অভিবাসন ইউনিটের প্রধান মেদেহি হাসান বলেন, ‘বাংলাদেশে মানবপাচার নিয়ে আইন থাকলেও শ্রমিক পাচার নিয়ে কোন আইন নেই। বহুপক্ষীয় সহযোগিতার কথা বলা হলেও সেই ব্যবস্থা আমাদের আইনে নেই। মানবপাচার ও শ্রমিক পাচার দুটিই অপরাধ হলেও, শ্রমিক পাচার নিয়ে বাংলাদেশে কোন আইন নেই। যার ফলে অন্য দেশের সঙ্গে শ্রমিক পাচার নিয়ে আমরা সহযোগিতা করতে পারি না।’ এ বিষয়ে আইন করার পরামর্শ দেন এ কর্মকর্তা।

ব্র্যাকের অভিবাসন কর্মসূচি প্রধান শরিফুল হাসান বলেন, ‘ভূমধ্যসাগরে অবৈধভাবে পাড়ি দেওয়ার ক্ষেত্রে বাংলাদেশ বর্তমানে বাংলাদেশ তৃতীয় অবস্থানে রয়েছে। বাংলাদেশের সঙ্গে এ কাতারে আফগানিস্তান ও সিরিয়ার মত দেশগুলো রয়েছে। সেই দেশগুলোতে যুদ্ধ হয়েছে।’ বাংলাদেশে কী হয়েছে সেই প্রশ্ন রাখেন তিনি। আর বাংলাদেশ এ অবস্থানে এসেছে যখন লিবিয়ার বাজার বন্ধ ছিল। আর এখনতো বাংলাদেশ লিবিয়ার বাজার খুলে দিয়েছে। এখন ভূমধ্যসাগরে বাংলাদেশের অবস্থান কোথায় যায় সেটি দেখার বিষয়।

প্রবন্ধ উপস্থাপনায় পাচারকারীরা যে সুযোগগুলো নেয়, তার ব্যাখ্যায় বেনুকা ফেরদৌসি বলেন, বাংলাদেশের পাচার হওয়ার ৫১ শতাংশ অর্থনৈতিক চাহিদার কারণে, ২৯ শতাংশ শিশু অকার্যকর পারিবারিক ব্যবস্থার কারণে, অন্যের দ্বারা প্রভাবিত হয়ে ১৩ শতাংশ এবং অনিয়মিত অভিবাসী হচ্ছেন ১০ শতাংশ। বিশ্বে বাড়তে থাকা যৌনপল্লি, আকর্ষণীয় শ্রম বাজার এবং গন্তব্য দেশগুলোতে কঠিন অভিবাসন আইনের কারণে মানবপাচার হচ্ছে।

https://www.ajkerpatrika.com/194762/‘ভূরাজনৈতিক-প্রেক্ষাপট-মানবপাচার-প্রতিরোধকে

বাংলানিউজটোয়েন্টিফোর.কম, ২৫ মে ২০২২

# ঐক্যবদ্ধভাবে মানব পাচার প্রতিরোধের আহ্বান




বুধবার (২৫ মে) রাজধানীর ইস্কাটনে বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ (বিআইআইএসএস) মিলনায়তনে আয়োজিত এক সেমিনারে বক্তারা এমন আহ্বান জানান।

মানব পাচার ও অভিবাসী চোরাকারবারি প্রতিরোধ বিষয়ক এ সেমিনারের আয়োজন করে বিআইআইএসএস।

সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে বাংলাদেশে নিযুক্ত ইউরোপীয় ইউনিয়নের প্রতিনিধিদলের প্রধান রাষ্ট্রদূত চার্লস হোয়াইটলি বলেন, শরণার্থী ইস্যু এখন ইউরোপে অত্যন্ত আলোচিত একটি বিষয়। যৌন নির্যাতন মানব পাচারের অন্যতম ধরণ হিসেবে উদঘাটিত হয়ে আসছে। বর্তমানে অভিবাসী পাচার একটি লাভজনক ব্যবসায় পরিণত হয়েছে।

মানব পাচার রোধে বাংলাদেশ সরকারের ভূমিকার প্রশংসা করে তিনি বলেন, মানব পাচার রোধে ইউরোপিয়ান ইউনিয়ন বাংলাদেশ সরকারকে নানাভাবে সহযোগিতা করছে।

বিআইআইএসএস এর মহাপরিচালক মেজর জেনারেল মোহাম্মদ মাকসুদুর রহমান বলেন, ক্রমবর্ধমান মানব পাচার বিষয়ে বাংলাদেশ সতর্ক রয়েছে। এই জরুরি বিষয়ের গুরুত্ব অনুধাবন করে ২০১২ সালে মানব পাচার প্রতিরোধ ও দমন আইন ২০১২ পাস করেছে ও জাতিসংঘের অভিবাসী কর্মী ও তার পরিবারের সুরক্ষা বিষয়ক সম্মেলনে যুক্ত হয়েছে। বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসি আইন ২০১৩ গৃহীত করেছে।

প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিচক্ষণ নেতৃত্বে বাংলাদেশ সরকার ন্যাশনাল প্ল্যান অব অ্যাকশনের (এনপিএ) অধীনে মানবপাচার দমন ও প্রতিরোধ (২০১৮-২০২২) বাস্তবায়ন করছে বলেও উল্লেখ করেন বিআইআইএসএস এর মহাপরিচালক।

বিআইআইএসএস এর চেয়ারম্যান রাষ্ট্রদূত কাজী ইমতিয়াজ হোসেন বলেন, দক্ষিণ এশিয়ার দেশগুলো মানব পাচারের উৎস, গমন ও গন্তব্যস্থল হিসেবে কাজ করে। এই দেশগুলোতে আর্থ-সামাজিক বৈষম্য, অভ্যন্তরীণ অভিবাসন প্রবাহ, অর্থনৈতিক ঊর্ধ্বগতির সঙ্গে দুর্নীতির প্রসার, দুর্বল বিচার ব্যবস্থা, আইন প্রয়োগের অসমতা—এ সব অপরাধ বৃদ্ধিতে নিয়ামক হিসেবে কাজ করে থাকে।

সেমিনারের কর্ম অধিবেশনে ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. তাসনিম সিদ্দিকীর সভাপতিত্বে নির্ধারিত বিষয়ে বক্তব্য দেন বিআইআইএসএস এর রিসার্চ ফেলো বেনুকা ফেরদৌসি, ঢাকা বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের মোহাম্মাদ ওবায়দুল হক, অভিবাসী ও উদ্বাস্তু বিশেষজ্ঞ আসিফ মুনির, বাংলাদেশে নিযুক্ত আন্তর্জাতিক অভিবাসী সংস্থার অভিবাসী ও সুরক্ষা বিষয়ক কার্যক্রম পরিচালক ইউজিন পার্ক।

সেমিনারে বিভিন্ন মন্ত্রণালয়/সংস্থার কর্মকর্তা, বৈদেশিক দূতাবাসের প্রতিনিধি, সাবেক কূটনীতিক, ঊর্ধ্বতন সামরিক কর্মকর্তা, একাডেমিয়া, বিভিন্ন সরকারি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থী, আন্তর্জাতিক সংস্থার প্রতিনিধি, বিভিন্ন সরকারি বেসরকারি গবেষণা সংস্থার প্রতিনিধিরা নিজেদের মতামত তুলে ধরেন।

বাংলাদেশ সময়: ১৫০২ ঘণ্টা, মে ২৫, ২০২২

https://www.banglanews24.com/national/news/bd/932451.details

ভোরের কাগজ, ২৬ মে ২০২২

## সেমিনারে বক্তারা:মানবপাচার প্রতিরোধকে ঝুঁকিতে ফেলেছে ভূরাজনৈতিক প্রেক্ষাপট

কাগজ প্রতিবেদক

বর্তমান বিশ্বের পরিবর্তিত ভূরাজনৈতিক প্রেক্ষাপট মানবপাচার প্রতিরোধকে ঝুঁকিতে ফেলেছে। জলবায়ু পরিবর্তন মানবপাচার ও অনিয়মিত অভিবাসনের কারণ ছিল। এর সঙ্গে যুক্ত হয়েছে করোনা মহামারি। আর বর্তমান রাশিয়া-ইউক্রেন যুদ্ধ বিষয়টিকে আরো জটিল করে তুলেছে। মানবপাচার নিয়ে এক সেমিনারে এমন মন্তব্য করেছেন বক্তারা।

গতকাল বুধবার সকালে রাজধানীর বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল এন্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ (বিআইআইএসএস) মানবপাচার প্রতিরোধ নিয়ে 'প্রোমটিং মাল্টিলেটারাল কো-অপারেশন টু প্রিভেন্ট হিউম্যান ট্রাফিকিং এন্ড মাইগ্রেন্ট স্মাগলিং' শীর্ষক সেমিনারের আয়োজন করে।

সেমিনারে প্রধান অতিথি ছিলেন ঢাকায় ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) রাষ্ট্রদূত চার্লস হোয়াইটলি। সেমিনারে বক্তারা বলেন, মানবপাচার বা অনিয়মিত অভিবাসন প্রতিরোধ কোনো একক দেশের বিষয় নয়। প্রতিরোধ করতে দেশগুলোকে একে অপরকে সহযোগিতা করতে হবে। তবে যেভাবে ভূরাজনৈতিক পরিস্থিতির পরিবর্তন হয়েছে এবং হচ্ছে, তা মানবপাচার প্রতিরোধকে ঝুঁকিতে ফেলেছে। মিয়ানমারের রোহিঙ্গা সংকটের পাশাপাশি সেনাবাহিনীর ক্ষমতাগ্রহণ, আফগানিস্তানের পরিবর্তন, শ্রীলঙ্কার পরিবর্তিত পরিস্থিতির পাশাপাশি যুক্ত হয়েছে রাশিয়া-ইউক্রেন যুদ্ধ, যা মানব পাচার প্রতিরোধে দেশগুলোর সহযোগিতার পথকে বাধাগ্রস্ত করছে।

সেমিনারের প্রথম অংশে সভাপতিত্ব করেন বিআইআইএসএসের চেয়ারম্যান কাজী ইমতিয়াজ হোসেন এবং স্বাগত বক্তব্য রাখেন মহাপরিচালক মেজর জেনারেল মোহাম্মদ মুকসুদুর রহমান।

সেমিনারের দ্বিতীয় ভাগে মানবপাচার প্রতিরোধ, বাংলাদেশ ও বৈশ্বিক প্রেক্ষাপট নিয়ে চারটি প্রবন্ধ উপস্থাপন করা হয়। প্রবন্ধগুলো উপস্থাপন করেন বিআইআইএসএসের গবেষক বেনুকা ফেরদৌসি, ঢাকা বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের অধ্যাপক ওবায়দুল হক, জাতিসংঘ অভিবাসী সংস্থার (আইওএম) অভিবাসন ও সুরক্ষা ইউনিটের প্রোগ্রাম ম্যানেজার ইউজিন পার্ক এবং অভিবাসন বিশেষজ্ঞ আসিফ মুনীর। সেমিনারের দ্বিতীয় অংশ সঞ্চালনা করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ে অধ্যাপক তাসনিম সিদ্দিকী।

মুক্ত আলোচনায় ঢাকার জাতিসংঘের মাদক ও অপরাধ বিষয়ক সংস্থা ইউএনওডিসির মানবপাচার ও অভিবাসন ইউনিটের প্রধান মেহেদি হাসান বলেন, বাংলাদেশে মানবপাচার নিয়ে আইন থাকলেও শ্রমিক পাচার নিয়ে কোনো আইন নেই। বহুপক্ষীয় সহযোগিতার কথা বলা হলেও সেই ব্যবস্থা আমাদের আইনে নেই। মানবপাচার ও শ্রমিক পাচার দুটিই অপরাধ হলেও শ্রমিক পাচার নিয়ে বাংলাদেশে কোনো আইন নেই। যার ফলে অন্য দেশের সঙ্গে শ্রমিক পাচার নিয়ে আমরা সহযোগিতা করতে পারি না। এ বিষয়ে আইন করার পরামর্শ দেন এ কর্মকর্তা।

ব্র্যাকের অভিবাসন কর্মসূচি প্রধান শরিফুল হাসান বলেন, ভূমধ্যসাগরে অবৈধভাবে পাড়ি দেয়ার ক্ষেত্রে বাংলাদেশ বর্তমানে তৃতীয় অবস্থানে রয়েছে। বাংলাদেশের সঙ্গে এ কাতারে আফগানিস্তান ও সিরিয়ার মতো দেশগুলো রয়েছে। সেই দেশগুলোতে যুদ্ধ হয়েছে। বাংলাদেশে কী হয়েছে সেই প্রশ্ন রাখেন তিনি। আর বাংলাদেশ এ অবস্থানে এসেছে যখন লিবিয়ার বাজার বন্ধ ছিল।আর এখন তো বাংলাদেশ লিবিয়ার বাজার খুলে দিয়েছে। এখন ভূমধ্যসাগরে বাংলাদেশের অবস্থান কোথায় যায় সেটি দেখার বিষয়।

প্রবন্ধ উপস্থাপনায় পাচারকারীরা যে সুযোগগুলো নেয়, তার ব্যাখ্যায় বেনুকা ফেরদৌসি বলেন, বাংলাদেশ থেকে পাচার হওয়ার কারণ ৫১ শতাংশ অর্থনৈতিক চাহিদা, ২৯ শতাংশ শিশু অকার্যকর পারিবারিক ব্যবস্থার কারণে, অন্যের দ্বারা প্রভাবিত হয়ে ১৩ শতাংশ এবং অনিয়মিত অভিবাসী হচ্ছেন ১০ শতাংশ। বিশ্বে বাড়তে থাকা যৌনপল্লি, আকর্ষণীয় শ্রম বাজার এবং গন্তব্য দেশগুলোতে কঠিন অভিবাসন আইনের কারণে মানবপাচার হচ্ছে।

https://www.bhorerkagoj.com//print-edition/2022/05/26/সেমিনারে-বক্তারা-মানবপা/

নয়াদিগন্ত, ২৬ মে ২০২২

## ভূমধ্যসাগর দিয়ে মানবপাচার বন্ধে ব্যবস্থা নিতে হবে:ইইউ রাষ্ট্রদূত

ভূমধ্যসাগর দিয়ে ইউরোপে মানবপাচার বন্ধে সব ধরনের আইনি ও প্রশাসনিক পদক্ষেপ নেয়ার ওপর গুরুত্বারোপ করেছেন ঢাকায় নিযুক্ত ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) রাষ্ট্রদূত চার্লস হোয়াটলি। তিনি বলেছেন, অপরাধী চক্রদের জন্য মানবপাচার একটি লাভজনক ব্যবসা। এ খাতে বিশ্বব্যাপী প্রতি বছর কয়েক শ’ কোটি ইউরো বাণিজ্য হয়। মানবপাচারের সাথে গুরুতর মানবাধিকার লঙ্ঘনের বিষয়টিও জড়িত। বিশেষ করে সমুদ্র পথে মানবপাচারের ক্ষেত্রে এটি খুবই প্রযোজ্য। ভূমধ্যসাগরে মানবপাচারকারীদের তৎপরতায় মানুষের জীবন বিপন্ন হচ্ছে। এটি প্রতিরোধে আমাদের সব ধরনের আইনি ও প্রশাসনিক পদক্ষেপ নিতে হবে। মানবপাচার নেটওয়ার্কের সাথে মানিলন্ডারিংসহ অন্যান্য সঙ্ঘবদ্ধ ও গুরুতর অপরাধ জড়িত। তাই এটি প্রতিরোধে আমাদের জরুরি ব্যবস্থা নিতে হবে।

গতকাল রাজধানীতে বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ (বিআইআইএসএস) মিলনায়তনে মানবপাচার ও অবৈধ অভিবাসনের ওপর আয়োজিত এক সেমিনারে প্রধান অতিথির ভাষণে রাষ্ট্রদূত হোয়াইটলি এসব কথা বলেন। এতে স্বাগত বক্তব্য দেন প্রতিষ্ঠানের মহাপরিচালক মেজর জেনারেল মাকসুদুর রহমান। সভাপতিত্ব করেন বিআইআইএসএসের চেয়ারম্যান কাজী ইমতিয়াজ হোসেন।

মানবপাচার রোধে ন্যূনতম মানদণ্ড ধরে রাখার জন্য বাংলাদেশ সচেষ্ট মন্তব্য করে চার্লস হোয়াইটলি বলেন, যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দফতরের মানবপাচার বিষয়ক ২০২১ সালের প্রতিবেদনে বাংলাদেশ অবস্থান দ্বিতীয় স্তরে। এর কারণ মানবপাচারের সাথে জড়িতদের বাংলাদেশ সরকার আগের চেয়ে বেশি সংখ্যায় বিচারের আওতায় আনতে পারছে, মানবপাচার সংক্রান্ত মামলাগুলোর বিচারের জন্য পৃথক ট্রাইব্যুনালের কাজ শুরু হয়েছে এবং আন্তঃদেশীয় মানবপাচারকারীদের মোকাবেলায় বিদেশী রাষ্ট্রগুলোর সহায়তা নেয়া হচ্ছে। এ পদক্ষেপগুলো খুবই প্রশংসাযোগ্য। আমরা এ লক্ষ্যে বাংলাদেশ সরকারের সাথে কাজ করতে চাই।

রাষ্ট্রদূত বলেন, মানবপাচার রোধে ইইউর নতুন কর্মপরিকল্পনায় অংশীদার রাষ্ট্র ও আন্তর্জাতিক সংস্থাগুলোর সাথে সহযোগিতার ওপর গুরুত্বারোপ করা হয়েছে। এরই প্রেক্ষাপটে মানবপাচার ও চোরাচালান রোধে বাংলাদেশ সরকারকে সহায়তা করছে ইইউ। এর মধ্যে রয়েছে মানবপাচার ও চোরাচালানের প্রবণতা সম্পর্কে বাংলাদেশকে প্রমাণভিত্তিক তথ্য সরবরাহ করা, সংশ্লিষ্ট নীতিগুলো পর্যালোচনা করা, অপরাধীদের যথাযথভাবে বিচারের সম্মুখীন করার সক্ষমতা বৃদ্ধি এবং আন্তর্জাতিক সহায়তা বাড়ানো।

কাজী ইমতিয়াজ হোসেন বলেন, মানবপাচার শুধু বাংলাদেশ নয়, এটি একটি বৈশ্বিক সমস্যা। দক্ষিণ এশিয়ার দেশগুলো মানবপাচারের উৎস, ট্রানজিট ও গন্তব্যস্থল হিসাবে কাজ করে। নারী ও শিশুরা এর অন্যতম ভিকটিম। করোনা মহামারীর মধ্যেও মানবপাচার বন্ধ ছিল না। এ ক্ষেত্রে বাংলাদেশ চ্যালেঞ্জের মুখে পড়েছে। আর এ চ্যালেঞ্জ মোকাবেলায় মানবপাচারের মূল কারণ খুঁজে বের করে তা সুরাহা করতে হবে।

মেজর জেনারেল মাকসুদুর রহমান বলেন, ক্রমবর্ধমান মানবপাচার নিয়ে বাংলাদেশ সতর্ক রয়েছে। বিষয়টিকে গুরুত্বের সাথে নিয়ে ২০১২ সালে মানবপাচার প্রতিরোধ ও দমন আইন পাস করা হয়েছে, অভিবাসী কর্মী ও তাদের পরিবারের সুরক্ষাবিষয়ক জাতিসঙ্ঘের উদ্যোগে যুক্ত হয়েছে এবং বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন-২০১৩ গৃহীত হয়েছে। এ ছাড়া বাংলাদেশ সরকার জাতীয় কর্মপরিকল্পনার অধীনে মানবপাচার দমন ও প্রতিরোধ (২০১৮-২০২২) বাস্তবায়ন করছে।

সেমিনারের উদ্বোধনীর পর মানবপাচার ও অবৈধ অভিবাসনের ওপর একটি কর্মঅধিবেশন অনুষ্ঠিত হয়।

https://www.dailynayadiganta.com/first-page/665768/ভূমধ্যসাগর-দিয়ে-মানবপাচার-বন্ধে-ব্যবস্থা-নিতে-হবে-ইইউ-রাষ্ট্রদূত

কালের কন্ঠ, ২৬ মে ২০২২

**মানবপাচারে মৃত্যু বাড়ছে**

সেমিনারে ইইউ দূত

বিশ্বব্যাপী মানবপাচারকে ঘিরে মানবাধিকার লঙ্ঘন ও মৃত্যু বাড়ছে বলে জানিয়েছেন ঢাকায় ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) ডেলিগেশন প্রধান চার্লস হোয়াইটলি। গতকাল বুধবার ঢাকায় বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ (বিআইআইএসএস) আয়োজিত মানবপাচারবিষয়ক এক সেমিনারে তিনি এ কথা জানান।

বিআইআইএসএস মিলনায়তনে সেমিনারের উদ্বোধন অনুষ্ঠানে সংস্থাটির চেয়ারম্যান কাজী ইমতিয়াজ হোসেন ও মহাপরিচালক মেজর জেনারেল মোহাম্মদ মাকসুদুর রহমান বক্তব্য দেন।

সেমিনারে প্রধান অতিথি ইইউ দূত চার্লস হোয়াইটলি বলেন, বিশেষ করে সাগরপথে মানবপাচারে মানবাধিকার লঙ্ঘন ও মৃত্যুর ঝুঁকি সবচেয়ে বেশি।

ভূমধ্যসাগরে মানবপাচারের শিকার হওয়া ব্যক্তিদের প্রাণহানি এই সমস্যা মোকাবেলায় আমাদের উদ্যোগ দেওয়ার বার্তা দেয়।

ইইউ দূত বলেন, মানবপাচারে সবচেয়ে বেশি ক্ষতি হচ্ছে নারী ও কন্যাশিশুদের। পাচার হওয়া নারী ও কন্যাশিশুরা প্রায়ই যৌন নিপীড়নের শিকার হন। ইইউতে মানবপাচারের শিকারদের ৭২ শতাংশই নারী ও কন্যাশিশু। ২০১৭ ও ২০১৮ সালের মধ্যে ইইউতে মানবপাচারের শিকার হওয়া ১৪ হাজারেরও বেশি বাংলাদেশি নিবন্ধিত হয়েছেন। ইইউ বাংলাদেশিদের জন্য ক্রমেই আকর্ষণীয় গন্তব্য হয়ে উঠছে।

https://www.kalerkantho.com/print-edition/news/2022/05/26/1149599

মানবকন্ঠ, ২৬ মে ২০২২

# বাংলাদেশ থেকে কর্মী নেবে ইউরোপীয় ইউনিয়ন

ঢাকায় নিযুক্ত ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) রাষ্ট্রদূত চার্লস হোয়াইটলি জানিয়েছেন, বাংলাদেশ থেকে নার্সিং ও অন্যান্য বিশেষ খাতে যোগ্যতাসম্পন্ন জনশক্তি নেওয়ার বিষয়ে আলোচনা চলছে।

বুধবার ঢাকায় এক আলোচনা অনুষ্ঠানে তিনি একথা জানান।

প্রমোটিং মাল্টিল্যাটারাল কোঅপারেশন টু প্রিভেন্ট হিউম্যান ট্র্যাফিকিং অ্যান্ড মাইগ্রেন্ট স্মাগলিং' শীর্ষক এ আলোচনা অনুষ্ঠানের আয়োজন করে বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ (বিআইআইএসএস)।

অনুষ্ঠানে ইইউ রাষ্ট্রদূত বলেন, জনশক্তি নেওয়ার ক্ষেত্রে অংশীদারিত্বের জন্য বাংলাদেশকে বিবেচনা করছে ইউরোপীয় ইউনিয়ন, যা ইইউতে বৈধ অভিবাসনের জন্য উৎসাহব্যঞ্জক নতুন পথ হতে পারে।যেমন- নার্সিং ও অন্যান্য বিশেষ যোগ্যতার ক্ষেত্রে। তারা কাজ করবে, প্রশিক্ষিত হবে এবং একটা নির্দিষ্ট সময়ের পর ফিরে আসবে। এক্ষেত্রে বাংলাদেশ সরকারের সঙ্গে চুক্তি নিয়ে কাজ করছি আমরা। এ প্রক্রিয়ায় দুপক্ষেরই লাভবান হওয়ার সুযোগ থাকবে বলেও উল্লেখ করেন তিনি।

এ সময় রাষ্ট্রদূত বিশ্বব্যাপী মানবপাচার বন্ধে দ্বিপক্ষীয়, আঞ্চলিক ও আন্তর্জাতিক পর্যায়ে সহযোগিতামূলক কাজের ওপর গুরুত্ব দেন। তিনি বলেন, মানবপাচার ভয়াবহ অপরাধ। পাচারের শিকার নারী ও শিশুরা এক্ষেত্রে বেশি ক্ষতিগ্রস্ত হয়। ইউরোপে যারা প্রতিবছর পাচার হচ্ছে, তাদের মধ্যে ৭২ শতাংশই নারী ও শিশু।

ইইউ রাষ্ট্রদূত আরও বলেন, 'বিশ্বব্যাপী প্রতিবছর প্রায় ২৯ দশমিক ৪০ বিলিয়ন ইউরো হাতিয়ে নেয় পাচারকারীরা। বিশাল এ কারবারে বড় ধরনের স্বার্থান্বেষী গোষ্ঠী জড়িত।'

https://www.manobkantha.com.bd/national/433512বাংলাদেশ-থেকে-কর্মী-নেবে-ইউরোপীয়-ইউনিয়ন

ঢাকাটাইমস, আপডেট, ২৭ মে ২০২২

**বিআইআইএসএস-এ 'মানবপাচার ও অভিবাসী চোরাচালান প্রতিরোধ' বিষয়ক সভা অনুষ্ঠিত**

নিজস্ব প্রতিবেদক, ঢাকাটাইমস




মানবপাচার ও অভিবাসী চোরাচালান প্রতিরোধে সচেতন গোটা বিশ্ব। বাংলাদেশও তার ব্যতিক্রম নয়। সেই লক্ষ্যে বুধবার (২৫ মে) বেলা ১১টা থেকে রাজধানীর ইস্কাটনে অবস্থিত বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ (বিআইআইএসএস) অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয় 'Promoting Multilateral Cooperation to Prevent Human Trafficking and Migrant Smuggling' বিষয়ক এ সেমিনার।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশে নিযুক্ত ইউরোপীয় ইউনিয়নের প্রতিনিধিদলের প্রধান রাষ্ট্রদূত চার্লস হোয়াইটলি। এতে সভাপতিত্ব করেন বিআইআইএসএস-এর চেয়ারম্যান রাষ্ট্রদূত কাজী ইমতিয়াজ হোসেন। সেখানে স্বাগত বক্তব্য রাখেন বিআইআইএসএস-এর মহাপরিচালক মেজর জেনারেল মোহাম্মদ মাকসুদুর রহমান।

প্রধান অতিথি চার্লস হোয়াইটলি তার বক্তব্যে বলেন, 'রিফিউজি ইস্যু এখন ইউরোপে অত্যন্ত আলোচিত একটি বিষয়। যৌন নির্যাতন মানব পাচারের অন্যতম একটি কারণ। এছাড়া বর্তমানে অভিবাসী চোরাচালান একটি লাভজনক ব্যবসায়ে পরিণত হয়েছে।' তিনি মানব পাচার রোধে বাংলাদেশ সরকারের ভূমিকার প্রশংসা করেন। বলেন, মানবপাচার রোধে ইউরোপীয় ইউনিয়ন বাংলাদেশ সরকারকে নানাভাবে সহযোগিতা করছে।

বিআইআইএসএস-এর মহাপরিচালক মাকসুদুর রহমান তার বক্তব্যে বলেন, 'ক্রমবর্ধমান মানব পাচার বিষয়ে বাংলাদেশ সতর্ক রয়েছে। এর গুরুত্ব বুঝে ২০১২ সালে মাবন পাচার প্রতিরোধ ও দমন আইন ২০১২ পাস করেছে ও জাতিসংঘের অভিবাসী কর্মী ও তার পরিবারের সুরক্ষা বিষয়ক সম্মেলনে যুক্ত হয়েছে এবং বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন ২০১৩ গৃহিত হয়েছে। এছাড়া প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিচক্ষণ নেতৃত্বে বাংলাদেশ সরকার প্ল্যান অব অ্যাকশন-এর অধীনে মানবপাচার দমন ও প্রতিরোধ (২০১৮-২০২২) বাস্তবায়ন করছে।'

সমাপনী বক্তব্যে বিআইআইএসএস-এর চেয়ারম্যান কাজী ইমতিয়াজ হোসেন বলেন, 'দক্ষিণ এশিয়ার দেশগুলো মানবপাচারের উৎসব, গমন ও গন্তব্যস্থল হিসেবে কাজ করে। এই দেশগুলোতে আর্থ-সামাজিক বৈষম্য,

অভ্যন্তরীণ অভিবাসন প্রবাহ, অর্থনৈতিক উর্ধ্বগতির সঙ্গে দুর্নীতির প্রসার, দুর্বল বিচার ব্যবস্থা, আইন প্রয়োগের অসমতা ইত্যাদি অপরাধ বৃদ্ধিতে নিয়ামক হিসেবে কাজ করে থাকে।'

সেমিনারে কর্ম অধিবেশনে সভাপতিত্ব করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. তাসনিম সিদ্দিকী। সেখানে 'Promoting Multilateral Cooperation to Prevent Human Trafficking and Migrant Smuggling'-এর উপর বক্তব্য দেন বিআইআইএসএস-এর রিসার্চ ফেলো বেনুকা ফেরদৌসী। আরও বক্তব্য দেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের অধ্যাপক মোহাম্মদ ওবায়দুল হক।

এ ছাড়া সেমিনারে 'Promoting Multilateral Cooperation to Prevent Human Trafficking and Migrant Smuggling'- Bangladesh Perspectives এর উপর প্রবন্ধ উপস্থাপন করেন অভিবাসী ও উদ্বাস্তু বিষয়ক বিশেষজ্ঞ আসিফ মুনির। অনুষ্ঠানে 'Promoting Multilateral Cooperation to Prevent Human Trafficking and Migrant Smuggling- Global Prospective এর উপর প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশে নিযুক্ত আন্তর্জাতিক অভিবাসী সংস্থার সুরক্ষা ও অভিবাসী বিষয়ক কার্যক্রম পরিচালক ইউজিন পার্ক।

অনুষ্ঠানে বিভিন্ন মন্ত্রণালয় ও সংস্থার উচ্চপদস্থ কর্মকর্তা, বৈদেশিক দূতাবাসের প্রতিনিধি, সাবেক কূটনীতিক, উর্ধ্বতন সামরিক কর্মকর্তা, বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী, আন্তর্জাতিক সংস্থার প্রতিনিধি, সরকারি-বেসরকারি গবেষণা সংস্থার প্রতিনিধি এবং মিডিয়া ব্যক্তিত্ব অংশগ্রহণ করে এবং তাদের মতামত তুলে ধরেন।